দৈনিক ইনকিলাব

তারিখ 01 DEC 1991

পৃষ্ঠা ১ কলাম ৭

১০

# সন্ত্রাস রোধে এগিয়ে আসুন—৭ জন ভিসি

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

দেশের ৭টি বিশ্ববিদ্যালয়ের ভিসিগণ গতকাল এক সভায় ক্যাম্পাসে সন্ত্রাস রোধে এগিয়ে আসার জন্য সরকার, রাজনৈতিক দল, ছাত্র সংগঠন, শিক্ষক, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের প্রতি উদাত্ত আহবান জানিয়েছেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের এ সভায় বিশ্ববিদ্যালয়গুলোতে অব্যাহত সন্ত্রাসী কার্যকলাপে গভীর উদ্বেগ প্রকাশ করা হয়।

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

**৭ জন ভিসি** প্রথম পৃষ্ঠার পর

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এম. মনিরুজ্জামান মিঞা, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মোঃ শাহজাহান, কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মোঃ আসাদুর রহমান, জাহাংগীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর সালেহ আহমেদ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুহাম্মদ আবদুল হালিম, খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর গোলাম রহমান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর সদরুদ্দিন আহমেদ চৌধুরী উপস্থিত ছিলেন।